# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ "আরিক ন্যাশনাল ফুড লি." ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানটি দীর্ঘদিন যাবৎ সুনামের সাথে দেশে ও বিদেশে উৎপাদিত পণ্য বিক্রয় করছেন। মি. সাদিক ও মি. সাইফুল দুজনই এই প্রতিষ্ঠানের ব্যবস্থাপকীয় কাজের সাথে জড়িত। উভয়ের কর্মকাণ্ডের উপর প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে। মি. সাদিক প্রায়ই প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন করেন। অন্যদিকে মি. সাইফুল প্রতিষ্ঠানের শ্রমিক কর্মীদের তত্ত্বাধানের সাথে জড়িত। তাকে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করতে হয়।

ক. ব্যবস্থাপনার কোন কাজটিকে প্রতিষ্ঠানের চালিকাশক্তি বলা হয়? ১

খ. ব্যবস্থাপনার চক্র বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে মি. সাদিক ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যবস্থাপনার স্তর বিবেচনায় মি. সাইফুল সিদ্ধান্ত গ্রহণের চেয়ে সিদ্ধান্ত বাস্তবায়নের সাথে অধিক মাত্রায় সম্পৃক্ত"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২.▶ জনাব আজিজ তৈরি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক। স্তর বিবেচনায় উচ্চ স্তরের ব্যবস্থাপনার কাজ করে থাকেন। পণ্য উৎপাদন, বিক্রয় ও পরিচালনার কোন কোন ক্ষেত্রে একই ধরনের নীতি ও কৌশল অনুসরণ করে চলতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। অধস্তনদের পক্ষে এর সাথে সঙ্গতি রেখে কাজ করা সহজ হয়। কিন্তু পণ্যের ডিজাইন তৈরি, বাজারজাতকরণ প্রসারণ কর্মসূচি গ্রহণ ইত্যাদি বিষয়ে তিনি পরিকল্পনা পরিবর্তন সাধন করেন।

ক. লক্ষ্য কী? ১

খ. সিদ্ধান্ত গ্রহণ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে প্রথম ক্ষেত্রে মহাব্যবস্থাপক কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিযোগিতা টিকে থাকার জন্য মি. আজিজের গ্রহণকৃত পরবর্তী পরিকল্পনার প্রয়োজন আছে কি? মতামত দাও। ৪

৩.▶ সিয়াম সিরামিক লি. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় বর্ধিত চাহিদা মেটাতে বিভাগীয় ব্যবস্থাপকগণ

http://teachingbd.com

প্রতিনিয়ত হিমশিম খাচ্ছেন। ফলে প্রতিষ্ঠানের চেয়ারম্যান ব্যবস্থাপকদের দক্ষতার বিষয়টি নিয়ে চিন্তিত হয়ে পড়েন। এমতাবস্থায় চেয়ারম্যান প্রত্যেক বিভাগে একজন করে বিশেষজ্ঞ নিয়োগ দিতে চান। নিয়োগকৃত ব্যক্তিরা বিভাগীয় প্রধানকে পরামর্শ দেন। কিন্তু তারা কোন পরামর্শ গ্রহণ ও বাস্তবায়নে ব্যবস্থাপকদের বাধা করতে পারেন না।

ক. কমিটি কী? ১

খ. সংগঠন কাঠামো বলতে কী বুঝায়? ২

গ. সিয়াম সিরামিক লি. বর্তমানে কোন ধরনের সংগঠন কাঠামো অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো পরিবর্তনের ফলে উচ্চ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে কোন সমস্যা সৃষ্টি করতে পারে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ রূপা প্রাইভেট লি. বিগত কয়েক বছর যাবৎ ব্যবসায় পরিচালনা করছেন। মি. নাসির প্রতিষ্ঠানের ক্যাশিয়ার পদে যোগদান করে দক্ষতা ও যোগ্যতা দিয়ে সকলের নজর কাড়েন। দুই বছর পরে তাকে প্রধান হিসাবরক্ষণের দায়িত্ব দেয়া হলে ক্যাশিয়ার পদের শূন্যতা সৃষ্টি হয়। মানব সম্পদ ব্যবস্থাপক পূর্ব থেকে জমাকৃত কয়েকটি আবেদন পত্র থেকে ক্যাশিয়ার পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র নির্বাচন করে ক্যাশিয়ার নিয়োগ করেছেন।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. পদোন্নতির ভিত্তি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন উৎস থেকে নতুন ক্যাশিয়ার সংগ্রহ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মি. নাসিরকে নতুন দায়িত্ব দেয়ার সিদ্ধান্তটি প্রতিষ্ঠানের জন্য কী সঠিক সিদ্ধান্ত? মতামত দাও। ৪

৫.▶ মি. মোহন "মেঘালয় সিমেন্ট ইন্ডাস্ট্রিজ" এর ব্যবস্থাপনা পরিচালক। শ্রমিক কর্মীদের মতামতের প্রতি গুরুত্বারোপ করে তিনি কার্য পরিচালনা করে থাকেন। কর্মীদের অভাব অভিযোগ শুনে তা সমাধানের চেষ্টা করেন। নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে মতামত দেয়ার সুযোগ পেয়ে কর্মীরা কর্তৃপক্ষের প্রতি

http://teachingbd.com

সন্তুষ্ট। কর্মী ব্যবস্থাপনা ও পণ্যের মানের কারণে প্রতিষ্ঠানটি ISO সনদ লাভ করে। তবে সম্প্রতি প্রতিযোগী প্রতিষ্ঠানের ইন্ধনে কিছু শ্রমিক উক্ত প্রতিষ্ঠানের বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে।

ক. নেতৃত্ব কী? ১

খ. গণতান্ত্রিক নেতৃত্ব বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে কোন ধরনের নির্দেশনা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় কোন ধরনের নেতৃত্ব অধিক কার্যকর বলে তুমি মনে করো? যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৬.▶ মি. পুলক এর ছোটবেলা থেকে স্বপ্ন বি সি এস পরীক্ষা দিয়ে সরকারী কর্মকর্তা হবেন। বেতন কম হলেও সম্মান রয়েছে এবং ভবিষ্যৎ সুযোগ-সুবিধা অনেক। কিন্তু তার বন্ধু মি. রুপম মনে করেন যে কোন কাজেই দক্ষতা, আন্তরিকতা ও নিষ্ঠার পরিচয় দিতে পারলে উন্নতি হবেই। তাই সে বহুজাতিক কোম্পানির মার্কেটিং বিভাগে কাজ করতে চায়। সেখানে চ্যালেঞ্জ থাকবে।

ক. প্রেষণা কী? ১

খ. ই-মেইল বলতে কী বুঝায়? ২

গ. মি. পুলকের বর্তমান প্রত্যাশা মাসলোর প্রেষণা তত্ত্বের কোন চাহিদার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. রুপম এর প্রত্যাশা হার্জবার্গের তত্ত্ব অনুযায়ী যে উপাদানের অধীন তা তার দক্ষতার উন্নয়নে সহায়ক হবে– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭.▶ শুভ এন্ড কোম্পানি বৈদেশিক বাণিজ্যের সাথে জড়িত। তার উৎপাদিত পণ্য বিশ্বের বিভিন্ন দেশে বিক্রয় হচ্ছে। কোন বিষয়ের পরামর্শের প্রয়োজন হলে তিনি কম্পিউটার ওয়েব ক্যামেরা ও ইন্টারনেট প্রযুক্তির সাহায্য নেন। এগুলোর মাধ্যমে তিনি ভিন্ন ভিন্ন স্থানে অবস্থান করে ও বিভিন্ন পক্ষের সাথে মুখোমুখি কথাবার্তা বলে ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। এতে তার ব্যবসায়িক অগ্রগতি আরও ত্বরান্বিত হচ্ছে।

ক. ফলাবর্তন কী? ১

খ. যোগাযোগ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যোগাযোগের ক্ষেত্রে কোন মাধ্যমটি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. "প্রযুক্তি মানুষের মধ্যকার দূরত্ব হ্রাস করেছে'– উদ্দীপকের আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৮.► মি. অনিক তার প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো গড়ে তুলে তাতে বিভিন্ন বিভাগে কাজ ও জনসংখ্যার মধ্যে মিল নেই। যে কারণে কোন বিভাগে কর্মভারগ্রস্থ, আবার কোন বিভাগে কাজ নেই। ফলে কার্যক্ষেত্রে সমস্যার অন্ত নেই। তাই মি. অনিক তার এক বন্ধুর সাথে আলাপ করে জনবল পূর্ণবিন্যাস করলেন। প্রতি বিভাগের প্রধান যেন স্ব-উদ্যোগে দলীয় প্রচেষ্টা জোরদার করে এর জন্য সবাইকে উৎসাহিত করলেন। একান্ত প্রয়োজন হলে তিনি এক্ষেত্রে হস্তক্ষেপ করেন।

ক. সমন্বয় কী? ১

খ. আদেশের ঐক্যের নীতি বলতে কী বুঝায়? ২

গ. মি. অনিক সমন্বয়ের কোন নীতি লঙ্ঘন করায় সমস্যায় পড়েছেন– ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. অনিক পরবর্তী কার্যকর সমন্বয়ে যে পূর্বশর্ত প্রতিষ্ঠা করেছেন তার কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

৯.► মি. দাস এর গার্মেন্টিসে ২০১৪ সালে ৩ লক্ষ একক উৎপাদনের লক্ষ্য মাত্রা ছিল। লক্ষ্য মাত্রা অনুযায়ী প্রথম তিন মাস কাজ হলেও বিদ্যুৎ সরবরাহে ঘাটতি থাকায় পরবর্তী নয় মাসে ১০% উৎপাদন কম হয়। কর্মীদের আন্তারিকতা ও কাঁচামালের পর্যাপ্ত যোগান থাকা সত্ত্বেও তিনি ক্রেতাদের সময়মতো মাল সরবরাহ করতে ব্যর্থ হন। তাই তিনি ব্যবসায় লোকসানের আশঙ্কায় চিন্তিত। এমতাবস্থায় তিনি উৎপাদন বৃদ্ধির জন্য নিজস্ব জেনারেটর বসানোর চিন্তা করছেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত বছরে নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় মি. দাস প্রতিষ্ঠানে উৎপাদনে কতটা বিচ্যুতি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পরবর্তী পরিকল্পনার মধ্যে দিয়েই ২০১৪ সালের বিচ্যুতি সংশোধনে কার্যকর ব্যবস্থা নিতে হবে"– এ বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড: ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ব্যবস্থাপনার উন্নয়নের তত্ত্বের জনক কে?**
ক মিসরীয় সভ্যতা  খ চৈনিক সভ্যতা
গ গ্রিক সভ্যতা  ঘ ব্যাবিলনীয় সভ্যতা

**২. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম কাজ কোনটি?**
ক বিচ্যুতির কারণ মূল্যায়ন  খ বিচ্যুতি নির্ণয়
গ আদর্শমান প্রতিষ্ঠা
ঘ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**৩. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার নীতি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণে কর্মীর ভূমিকা হ্রাসকরণকে কী বলে?**
ক কেন্দ্রীয়করণ  খ বিকেন্দ্রীয়করণ
গ শৃঙ্খলা  ঘ কার্য বিভাজ

**৪. Y তত্ত্বের মানুষকে কীভাবে উপস্থাপন করা হয়েছে?**
ক নেতিবাচক  খ ইতিবাচক
গ সাহসী  ঘ উৎসাহী

**৫. বাজেটারি নিয়ন্ত্রণ হলো—**
i. ব্যক্তি নির্ভর নিয়ন্ত্রণ ব্যবস্থা
ii. সংখ্যাকেন্দ্রিক নিয়ন্ত্রণ ব্যবস্থা
iii. বাজেটকেন্দ্রিক নিয়ন্ত্রণ ব্যবস্থা
**নিচের কোন সঠিক?**
ক i  খ ii
গ i ও ii  ঘ iii

**৬. ইতিবাচক প্রেষণা দানের অনার্থিক উপায় কোনটি?**
ক দায়িত্ব প্রদান  খ ভয়-ভীতি প্রদান
গ বোনাস  ঘ পরিবহণ

**৭. কর্মী সংগ্রহের অন্তর্ভুক্ত—**
i. বিজ্ঞপ্তি প্রদান
ii. আবেদনপত্র বাছাই
iii. লিখিত পরীক্ষা গ্রহণ
**নিচের কোন সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ প্রশ্নের উত্তর দাও।**
সালাম উদ্দিন একটি প্রতিষ্ঠানের বিক্রয়কর্মী। তাকে তার সুপারভাইজার এক ধরনের আদেশ দেন, একই সাথে বিক্রয় কর্মকর্তা অন্য ধরনের আদেশ দেন। এতে সে ঠিকমত কাজ করতে পারছে না। বিষয়টি সে উর্ধ্বতন কর্তৃকপক্ষকে জানিয়েছে।

**৮. ব্যবস্থাপনার কোন নীতিটি ভঙ্গের কারণে সালাম উদ্দিন ঠিকমত কাজ করতে পারছেন না?**
ক নির্দেশনার ঐক্য নীতি  খ শৃংখলার নীতি
গ নিয়মানুবর্তিতার নীতি  ঘ আদেশের ঐক্য নীতি

**৯. এক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ বিক্রয় কর্মকর্তাকে যে পরামর্শ দিতে পারেন তা হলো—**
i. কোন কর্মী ভুল করলে তাকে উর্ধ্বতনের কাছে সোপর্দ করবেন
ii. কর্মীর কাজের ভুলের জন্য সুপারভাইজারকে জবাবদিহি করবেন
iii. বিক্রয় কর্মকর্তা শুধু সুপারভাইজারকে নির্দেশ দেবেন।
**নিচের কোন সঠিক?**
ক i  খ ii
গ i ও ii  ঘ iii

**১০. পরিকল্পনা কীসের মাধ্যমে ঝুঁকি ও অনিশ্চয়তা দূর করে?**
ক অর্থ  খ দিক নির্দেশনা
গ শ্রম  ঘ পূর্বানুমান

**১১. একজন কর্মী একাধিক উর্ধ্বতন থেকে আদেশ পেলে কোন নীতির ব্যত্যয় ঘটে?**
ক দ্বৈত নীতি  খ ভারসাম্য নীতি
গ আদেশের ঐক্য নীতি  ঘ বিশেষায়ণ নীতি

**১২. কর্মী সংগ্রহের প্রথম কাজ কোনটি?**
ক বিভাগীয় রিকুইজিশন  খ বিজ্ঞাপন প্রদান
গ উৎস নির্ধারণ  ঘ আবেদনপত্র সংগ্রহ

**১৩. প্রশিক্ষণ প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি?**
ক প্রশিক্ষণের লক্ষ্য নির্ধারণ
খ প্রশিক্ষণের প্রয়োজনীয়তা নির্ধারণ
গ প্রশিক্ষণ পরিচালনা
ঘ প্রশিক্ষণের ফলাফল মূল্যায়ন

**১৪. পরামর্শমূলক নির্দেশনা কোন ধরনের যোগাযোগ প্রবাহ সৃষ্টি করে?**
ক একমুখী  খ দ্বিমুখী
গ ত্রিমুখী  ঘ বহুমুখী

**১৫. আদর্শমানের তারতম্য দেখা দেয় কী অনুসারে?**
ক কার্যের প্রকৃতি  খ কার্যের পরিমাণ
গ কর্মীদের সম্ভাব্য মুনাফা  ঘ কার্যের খরচ

**১৬. একাধিক পণ্য উৎপাদনকারী উচ্চ প্রযুক্তি সম্পন্ন বৃহদায়তন প্রতিষ্ঠানের জন্য উপযোগী সংগঠন হলো—**
ক সরল রৈখিক সংগঠন  খ কার্যভিত্তিক সংগঠন
গ কমিটি সংগঠন  ঘ মেট্রিক্স সংগঠন

**১৭. নির্দেশনাকে প্রশাসনের কী বলে আখ্যায়িত করা হয়?**
ক প্রাণ  খ মাথা
গ মেরুদন্ড  ঘ হৃৎপিণ্ড

**১৮. একটি সাদ্য প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের কর্মী সংগ্রহের জন্য কোন উৎসটি উত্তম?**
ক পদোন্নতি
খ শ্রমিক সংঘের সুপারিশ
গ নিয়োজিত কর্মীদের আত্মীয়স্বজন
ঘ বিজ্ঞাপন

**১৯. আদর্শ নেতার মানসিক গুণাবলির আওতাভুক্ত হলো—**
i. সাংগঠনিক জ্ঞান
ii. আত্মবিশ্বাস
iii. বুদ্ধিমত্তা
**নিচের কোন সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**২০. Y তত্ত্ব অনুযায়ী মানুষের ওপর কীরূপ ব্যবস্থা প্রয়োগের কথা বলা হয়েছে?**
ক স্বৈরতান্ত্রিক  খ পিতৃসুলভ
গ মুক্ত  ঘ গণতান্ত্রিক

teachingbd.com

http://teachingbd.com

২১. একার্থক পরিকল্পনা করা হয় কেন?
ক একটি মাত্র উদ্দেশ্যের জন্য
খ বিশেষ লক্ষ্যের জন্য
গ একাধিক উদ্দেশ্যের জন্য
ঘ ক + খ

২২. সংগঠনের ব্যয় বেশি না কম হবে তা নির্ভর করে—
ক সংগঠন কাঠামোর ওপর
খ উদ্দেশ্যের ওপর
গ আইনের ওপর
ঘ সবগুলো

২৩. পদোন্নতি কর্মীর আর্থিক সুযোগ-সুবিধা ও যেটি বৃদ্ধি করে—
ক কারিগরি মর্যাদা
খ পারিবারিক মর্যাদা
গ রাজনৈতিক মর্যাদা
ঘ সামাজিক মর্যাদা

২৪. গণতান্ত্রিক ব্যবস্থাপনার অধীর নির্দেশনা কৌশল কোনটি?
ক স্বৈরাচারি নির্দেশনা
খ পরামর্শমূলক নির্দেশনা
গ পিতৃসুলভ নির্দেশনা
ঘ লাগামহীন নির্দেশনা

২৫. পরামর্শমূলক নির্দেশনায় প্রতিষ্ঠানের অনেক গুরুত্বপূর্ণ তথ্য ফাঁস হয়ে যায়। ফলে প্রতিষ্ঠানের—
ক ভাব-মূর্তি নষ্ট হয়
খ সিদ্ধান্ত গ্রহণ সময় বেশি লাগে
গ ব্যয় বৃদ্ধি পায়
ঘ গোপীয়তা রক্ষা করা সম্ভব হয় না

২৬. যেসব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সফলভাবে ও সহজে কর্মী সংগ্রহ করা যায়—
i. কারিগরিমূলক প্রশিক্ষণ কেন্দ্র
ii. সাধারণ প্রশিক্ষণ কেন্দ্র
iii. বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র
নিচের কোন সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৭. কোনটি দ্বি-উপাদান তত্ত্বের রক্ষণাবেক্ষণ উপাদানের অন্তর্ভূক্ত?
ক বেতন
খ স্বীকৃতি
গ দায়িত্ববোধ
ঘ কোম্পানি পলিসি

২৮. বহুজাতিক কোম্পানির জন্য কোন পরিকল্পনা সর্বোত্তম?
ক আঞ্চলিক পরিকল্পনা
খ কার্যভিত্তিক পরিকল্পনা
গ সামগ্রিক পরিকল্পনা
ঘ বিভাগীয় পরিকল্পনা

২৯. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কৌশল হলো—
i. ই-মেইল
ii. ভয়েস মেইল
iii. ইন্টারনেট
নিচের কোন সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩০. ব্যবস্থাপনার কোন কাজের সাথে মনস্তাত্ত্বিক বিষয় গভীরভাবে জড়িত?
ক পরিকল্পনা
খ সংগঠন
গ নির্দেশনা
ঘ নিয়ন্ত্রণ

৩১. সমন্বয়সাধনের মুখ্য উদ্দেশ্য কোনটি?
ক উৎপাদন বৃদ্ধি
খ দলীয় প্রচেষ্টায় শৃঙ্খলা প্রতিষ্ঠা
গ দক্ষ জনশক্তি গঠন
ঘ কর্মক্ষেত্রে জবাবদিহিতা বৃদ্ধি

৩২. পরিবর্তনের সাথে তার মিলিয়ে চলার জন্য সমন্বয়ের কোন ধরণের নীতির প্রয়োজন?
ক নিরবচ্ছিন্নতার নীতি
খ নমনীয়তার নীতি
গ কার্যবিশ্লেষণ নীতি
ঘ প্রত্যক্ষ যোগাযোগের নীতি

৩৩. কার্যকর যোগাযোগ সাংগঠনিক প্রতবিন্ধকতা নিচের কোনটি?
ক ব্যক্তিত্বের পার্থক্য
খ প্রত্যক্ষণে ভিন্নতা
গ স্তরের আধিক্য
ঘ অমনোযোগ

৩৪. নিম্নের কোনটি নিয়ন্ত্রণ কৌশল হিসেবে বিবেচিত?
ক ক্রয়-বিক্রয় হিসাব
খ উদ্বৃর্ত পত্র
গ সমচ্ছেদ বিন্দু
ঘ চাহিদা ও যোগান রেখা

৩৫. বাজেট হলো—
ক আয়-ব্যয়ের সংখ্যাত্মক প্রকাশ
খ আয়-ব্যয়ের আর্থিক প্রকাশ
গ পরিকল্পনার আর্থিক প্রকাশ
ঘ পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ

৩৬. সরলরেখিক সংগঠন কাঠামোর চিত্র হলো —
ক কর্মী → মালিক
খ কর্মী → ভোক্তা
গ পরিচালনা পর্ষদ → ব্যবস্থাপনা পরিচালক → ব্যবস্থাপক
ঘ ব্যবস্থাপক → কর্মী → ভোক্তা

৩৭. কোনটি কালান্তিক কাজ কিন্তু প্রাত্যহিক কাজ নয়?
ক পরিকল্পনা
খ সংগঠন
গ নিয়ন্ত্রণ
ঘ প্রেষণা

৩৮. নেতিবাচক নেতৃত্বে নেতা ও কর্মীর সম্পর্ক হলো—
ক বিশ্বাসমূলক
খ অবিশ্বাসমূলক
গ সম্মানজনক
ঘ ভ্রাতৃসুলভ

৩৯. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার দ্বিতীয় পদক্ষেপ কোনটি?
ক আদর্শমান প্রতিষ্ঠা
খ বিচ্যুতি নির্ধারণ
গ সম্পাদিত কার্য পরিমাণ
ঘ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

৪০. নিয়ন্ত্রণ মূলত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সম্পাদিত কাজের—
i. পরিমাপ করে থাকে
ii. সংশোধন করে থাকে
iii. মূল্য প্রদান করে থাকে
নিচের কোন সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |

Teachingbd.com